

নচিকেতা

অরিজিৎ দাস (কৃষানু), ত্রিপুরা

গাল ভরা খোঁচা খোঁচা দাড়ি,
সহস্র ব্যাথার তরঙ্গ বুকে,
গেয়ে চলেছে বাস্তবমুখী গান।
তরির ন্যায় ভেসে গেছে জনস্বার্থে, জনস্রোতে,
করে চলেছে অবিরত ক্লাস্তিহীন নিদ্রাহীন সংগ্রাম,
বাস্তু নগর কলকাতার ভিড়ে নচিকেতা,
জীবনের অন্তবিহীন চলার পথে,
বেকারের বেকারত্বের যন্ত্রনায়,
অযোগ্য রাজনীতিবিদদের প্রতিবাদে,
যুবকদের অ্যাধিশনে ও বাড় থামা শাস্ত পৃথিবীর আকাঙ্ক্ষায়
আদর্শ, বিবেক ও প্রেমকে স্রোতের মুখে বিসর্জন দিয়ে
স্বার্থান্বেষী দেশনেতার মুখোশ উন্মোচনে,
কালো কুৎসিত মেয়ের বিয়ের পনের প্রতিবাদে,
শৈশবের স্কুল এডমিসনে ও যৌবনের ভালোবাসায়,
প্রেমিকের ব্যর্থ প্রেমে ও বিবাহের তিক্ত অভিজ্ঞতায়,
বৃদ্ধের বৃদ্ধাশ্রমের ঠিকানায় এবং প্রশাসনিক
মুখোশ উন্মোচনে নচিকেতা।
সৃষ্টিকর্তার এক বিরল সৃষ্টির দৃষ্টান্ত, এই নচিকেতা,
আছে জ্ঞান সমুদ্রের গভীরতা,
হৃদয়ের বিশালতা
নচিকেতা তুমি এই ব্যাথার সৈকতে বাস্তব ফুল
দিয়ে গীতি মাল্য গেঁথে যাও।

২৩
২০১৭
২০১৭

২০১৭